www.kidworship.kr

# শিরোনাম: গরীব বিধবার দান

## The Widows Offering



97Page

**নার** একদিন, যীশু এবং তাঁর শিষ্যরা উপাসনালয়ে গেলেন এবং যীশু দান দেওয়ার জায়গার ঠিক উল্টোদিকে বসলেন ও দানকোষে সকলেন দান দেওয়া দেখছিলেন৷ একজন ধনী লোক ভিড় ঠেলে সামনে আসল৷

**ধনী লোক** আহেম, আহ . . . . অনেক দামী . . .

**নার** ধনী লোকটি সকলকে দেখানোর জন্য তার টাকার ঠলি খুলে টাকা বের করল৷ তারপর কিছু টাকা সে দানকোষে দান করল৷ লোকেরা যখন দেখল ঐ ধনী ব্যক্তিটি অনেক টাকা দানকোষে রেখেছে তখন তা নিয়ে নিজেদের মধ্যে ফিস ফিশ করতে লাগল৷

**১ম ব্যক্তি** এই, তাকে দেখ! হায়, তার দেখি অনেক টাকা . .. .

**২য় ব্যক্তি** দেখ, সে কি পরিমাণ টাকা দান করল - তার বিশ্বাস কতই না শক্তিশালী

**১ম ব্যক্তি** ঠিক বলেছো ঈশ্বর তাকে নিশ্চয়ই এই মহৎ দানের জন্য অনেক আর্শী-বাদ করবেন৷

---



98Page

**নার** ধনী ব্যক্তি চলে যাবার পর, নোংরা কাপড় পড়ে একজন গরীব বিধবা দানকোষের সামনে আসলেন৷ যদিও সেখানে অনেক লোক ছিল, তবুও তাকে খেয়াল করে নি৷

**বিধবা** এই আমার অর্থ. . . তবুও, আমি কৃতজ্ঞ যে ঈশ্বরকে দেওয়ার জন্য কিছু অর্থ রয়েছে৷

**নার** বিধবাটি দু'টি তামার সিকি দানকোষে রাখল৷ তার দান খুবই সামান্য

---



99Page

২০০-৩০০ ওনস (কোরিয়ার টাকায়) ... সত্যিই খুব সামান্য৷

**নার** যখন লোকেরা দানকোষে পয়সা পড়ার শব্দ শুনতে পেল, তারা বিধবাকে দেখে হাসল৷

**১ম ব্যক্তি** আরে৷ আরে৷ সে কিভাবে এত কম দান ঈশ্বরকে দিতে পারল?

**২য় ব্যক্তি** তাঁর বিশ্বাস খুবই কম -

**১ম ব্যক্তি** আমি অনেক টাকা উপার্জন করব এবং ঐ ধনী ব্যক্তির মত বেশী দান দেব!!

---



100Page

**নার** কেউ একজন সমস্থ কিছু নিরবে দেখছিল৷ হ্যাঁ, তিনিই যীশু৷ যীশু তাঁর শিষ্যদের ডেকে বললে:

**যীশু** ঐ গরীব বিধবা মহিলা ধনী লোকটির চেয়ে বেশী দান দিয়েছে৷

**শিষ্য** আপনি কি বলতে চান? ধনী লোকটি বিধবা মহিলার চেয়ে বেশী দান ঈশ্বরকে দিয়েছে|

**যীশু** ধনী লোকটি তার সম্প ত্তি থেকে কিছু দিয়েছে; কিন্তু বিধবা মহিলা, দরিদ্র্য থাকা সত্ত্বেও, তার বেঁচে থাকার শেষটুকুও সে দিয়ে দিল|

---

**নার** ঈশ্বর আমাদের বাহ্যিক আচরণ দেখেন না| এমনকি আমরা কি পরিমাণ দান দিলাম তাও দেখেন না| আমরা ঈশ্বরকে কতটুকু ভালবাসি ও তার প্রতি কতটুকু বিশ্বস্থ ঈশ্বর সেটাই দেখেন|



101Page